**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৮-৪৬২

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৫ / ০৯ জুলাই ২০১৮

# পরিপত্র-৫

**বিষয়ঃ রাজশাহী সিটি কর্পোরেশনে, বরিশাল সিটি কর্পোরেশন এবং সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮ উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনি প্রতীক বরাদ্দ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে, সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার লক্ষ্যে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্ধারিত প্রতীক বরাদ্দের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক বিভিন্ন নিম্নলিখিত নির্দেশাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল।

০২। **প্রতীক বরাদ্দ:** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৯ অনুসারে কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকলে প্রত্যেক প্রার্থী নিম্নরূপভাবে বিধিমালার তফসিল-২ হতে তফসিল-৫ এ প্রদত্ত প্রতীকসমূহের মধ্য হতে প্রার্থীর পছন্দমত যে কোন একটি নির্বাচনি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করবেন:

(ক) মেয়র পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-২;
(খ) মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, তফসিল ৩;
(গ) সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৪; এবং
(ঘ) সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৫;

তবে শর্ত থাকে যে, মেয়র প্রার্থীকে তার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করতে হবে।

০৩। উল্লিখিত বিধিমালার তফসিল-২ এ মেয়র পদে নির্বাচনের রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর জন্য মোট ৪০(চল্লিশ)টি প্রতীক, তফসিল-৩ এ মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য ১২(বার) টি প্রতীক, তফসিল-৪ এ সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মোট ১০(দশ)টি প্রতীক এবং তফসিল-৫ এ সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য মোট ১২(বার)টি প্রতীক রয়েছে। প্রতীকগুলি নিম্নরূপঃ

## তফসিল-২

মেয়র পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ ww

তফসিল-৩

মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। ক্রিকেট ব্যাট | ৭। দিয়াশলাই |
| ২। ঘোড়া | ৮। ফ্লাস্ক |
| ৩। চরকা | ৯। বাস |
| ৪। টেবিল ঘড়ি | ১০। ময়ুর |
| ৫। টেলিস্কোপ | ১১। হরিণ |
| ৬। ডিস এন্টেনা | ১২। হাতি |

তফসিল-৪

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আনারস | ৬। বই |
| ২। গ্লাস | ৭। বেহালা |
| ৩। চশমা | ৮। মোবাইল ফোন |
| ৪। জিপ গাড়ি | ৯। স্টিল আলমারি |
| ৫। ডলফিন | ১০। হেলিকপ্টার |

"তফসিল-৫

সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। এয়ারকন্ডিশনার | ৭। ট্রাক্টর |
| ২। করাত | ৮। ঠেলাগাড়ি |
| ৩। কাঁটা চামচ | ৯। ব্যাডমিন্টন র‌্যাকেট |
| ৪। ঘুড়ি | ১০। মিষ্টি কুমড়া |
| ৫। ঝুড়ি | ১১। রেডিও |
| ৬। টিফিন ক্যারিয়ার | ১২। লাটিম |

মেয়র পদে স্বতন্ত্রপ্রার্থীর সংখ্যা তফসিল-৩ এ বর্ণিত প্রতীকের সংখ্যার অতিরিক্ত না হওয়ায় এ পদের জন্য অতিরিক্ত প্রতীক প্রয়োজন হবে না।

০৪। **মেয়র পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকা:** মেয়র পদে রাজনৈতিক দলের প্রার্থীদের জন্য তফসিল-২ এ বর্ণিত সংরক্ষিত প্রতীকের মধ্য হতে তার দলের জন্য সংরক্ষিত প্রতীক মনোনয়ন পত্রে উল্লেখ করতে হবে। মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর জন্য তফসিল-৩ এ বর্ণিত নির্ধারিত প্রতীকের তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। স্বতন্ত্র মেয়র প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর সিটি কর্পোরেশনের মেয়র পদে প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকবে সেইক্ষেত্রে রিটার্নিং অফিসারকে মেয়র পদের স্বতন্ত্র প্রার্থীর জন্য নির্ধারিত তফসিল-৩ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে। স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা ১২ এর অধিক হলে ইতঃপূর্বের নির্দেশনা অনুসারে অতিরিক্ত প্রতীক হতে প্রতীক বরাদ্দ করতে হবে। ৪০ (চল্লিশ) টি নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা নিম্নে দেয়া হলোঃ

নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা

| ক্রমিক নং | নিবন্ধিত রাজনৈতিক দলের নাম | সংরক্ষিত প্রতীকের নাম |
|---|---|---|
| ১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি - এলডিপি | ছাতা |
| ২ | জাতীয় পার্টি - জেপি | বাইসাইকেল |
| ৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | গামছা |
| ৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | কাস্তে |
| ৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | নৌকা |
| ৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল - বি.এন.পি | ধানের শীষ |
| ৮ | গণতন্ত্রী পার্টি | কবুতর |

| ক্রমিক নং | নিবন্ধিত রাজনৈতিক দলের নাম | সংরক্ষিত প্রতীকের নাম |
|---|---|---|
| ৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | কুঁড়েঘর |
| ১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | হাতুড়ি |
| ১১ | বিকল্পধারা বাংলাদেশ | কুলা |
| ১২ | জাতীয় পার্টি | লাঙ্গল |
| ১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জাসদ | মশাল |
| ১৪ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জেএসডি | তারা |
| ১৫ | জাকের পার্টি | গোলাপ ফুল |
| ১৬ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | মই |
| ১৭ | বাংলাদেশ জাতীয় পার্টি - বিজেপি | গরুর গাড়ী |
| ১৮ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | ফুলের মালা |
| ১৯ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | বটগাছ |
| ২০ | বাংলাদেশ মুসলিম লীগ | হারিকেন |
| ২১ | ন্যাশনাল পিপলস্ পার্টি | আম |
| ২২ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | খেজুরগাছ |
| ২৩ | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪ | গণফ্রন্ট | মাছ |
| ২৫ | প্রগতিশীল গণতান্ত্রিক দল | বাঘ |
| ২৬ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি - বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৭ | বাংলাদেশ জাতীয় পার্টি | কাঁঠাল |
| ২৮ | ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন | চাবি |
| ২৯ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | চেয়ার |
| ৩০ | বাংলাদেশ কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ৩১ | ইসলামী ঐক্যজোট | মিনার |
| ৩২ | বাংলাদেশ খেলাফত মজলিস | রিক্সা |
| ৩৩ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | হাতপাখা |
| ৩৪ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | মোমবাতি |
| ৩৫ | জাতীয় গণতান্ত্রিক পার্টি- জাগপা | হুক্কা |
| ৩৬ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৭ | খেলাফত মজলিস | দেওয়াল ঘড়ি |
| ৩৮ | বাংলাদেশ মুসলিম লীগ - বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৯ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট) | ছড়ি |
| ৪০ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট - বিএনএফ | টেলিভিশন |

০৫। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকা:** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত প্রতীকের তফসিল-৪ এ বর্ণিত তালিকায় সর্বমোট ১০টি প্রতীক রয়েছে। সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১০ (দশ)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এ সীমাবদ্ধ থাকবে, সে সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৪ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

০৬। **সর্বশেষ সংশোধিত বিধি অনুসারে প্রতীক বরাদ্দ নিশ্চিতকরণ:** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-২ থেকে তফসিল-৫ পর্যন্ত ১৪ নভেম্বর ২০১৬ তারিখে জারীকৃত এসআরও নং-৩৩৯-আইন/২০১৬ মূলে সংশোধন করা হয়েছে। উল্লিখিত সংশোধনী অনুযায়ী সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনা ম্যানুয়েলের ৩১৮ থেকে ৩১৯নং পৃষ্ঠায় হালনাগাদ করে তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ ও তফসিল-৫ সন্নিবেশ করা হয়েছে। ফলে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রজ্ঞাপন আকারে প্রকাশিত এসআরও নং ৩৩৯-আইন/২০১৬ মূলে বিধিমালার সংশোধনীর তফসিল-২ হতে তফসিল-৫ (ম্যানুয়েলের ৩৫৪-৩৫৫ নং পৃষ্ঠা) মোতাবেক প্রতীক বরাদ্দ হয়েছে কিনা তা যাচাই করে নিশ্চিত হতে হবে। উল্লিখিত সংশোধনী অনুযায়ী ম্যানুয়েলের ৬ষ্ঠ পরিচ্ছদে পৃষ্ঠা ২৩-২৫ এ বর্ণিত প্রতীকের তালিকা সঠিক রয়েছে। তবে ম্যানুয়েলের ৩৬২নং পৃষ্ঠায় প্রদত্ত ০৪ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের বিধিমালার সংশোধনী অনুযায়ী প্রতীকের তালিকা প্রযোজ্য হবে না।

০৭। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকা:** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের নিম্নেবর্ণিত অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে (নমুনা প্রতীক সংযুক্ত):

| সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য অতিরিক্ত প্রতীক | |
|---|---|
| ১। আপেল | ৫। ফুটবল |
| ২। টিয়ে পাখি | ৬। বাঁশি |
| ৩। তবলা | ৭। দোয়াত-কলম |
| ৪। প্রেসার কুকার | ৮। হারমোনিয়াম |

০৮। **সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকা:** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য তফসিল-৫ এ বর্ণিত নির্ধারিত তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে।প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকবে, সেই সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৫ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

০৯। **সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকা:** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের নিম্নেবর্ণিত অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে (নমুনা প্রতীক সংযুক্ত):

| সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য অতিরিক্ত প্রতীক | |
|---|---|
| ১। ক্যাপ | ৬। প্রদীপ |
| ২। ক্রিসমাস ট্রি | ৭। সূর্যমুখী ফুল |
| ৩। হেলমেট | ৮। স্ট্রবেরি |
| ৪। কাঁচি | ৯। হেডফোন |
| ৫। ড্রেসিং টেবিল | ১০। পান পাতা |

১০। **রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দকরণ:** বিধিমালার ১৯ বিধির (২) উপ-বিধি অনুসারে যদি একই প্রতীকের জন্য একাধিক দাবীদার থাকে, তাহলে সেইক্ষেত্রে, যতদূর সম্ভব, প্রার্থীদের ইচ্ছা বিবেচনায় রেখে, রিটার্নিং অফিসার প্রতীক বরাদ্দ করবেন এবং প্রয়োজনবোধে তিনি এই কাজের জন্য লটারীর আশ্রয় গ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য, প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **রিটার্নিং অফিসার প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অর্থাৎ ০৯ জুলাই ২০১৮ অতিবাহিত হওয়ার অব্যবহিত পরবর্তী দিবসে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করবেন।** কোন অবস্থাতেই উল্লেখিত সময়ের পূর্বে কোন প্রার্থীকে প্রতীক বরাদ্দ করা যাবে না।

১১। **অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা:** বিধিমালার তফসিলে নির্ধারিত প্রতীকগুলি বরাদ্দ করে নিঃশেষ করার পর রিটার্নিং অফিসারকে অতিরিক্ত প্রতীক বরাদ্দের কাজে হাত দিতে হবে। **নির্ধারিত প্রতীক বরাদ্দ নিঃশেষ না করে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা যাবে না।** কেননা সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে তফসিলে বর্ণিত নির্ধারিত প্রতীক এবং প্রার্থীর সংখ্যা সমান হলে বা সংখ্যা কম হলে নির্বাচন কমিশন তফসিলে বর্ণিত নির্ধারিত সংখ্যার প্রতীকগুলি ব্যালট পেপারে মুদ্রণ করবে। নির্ধারিত সংখ্যার বেশী প্রার্থী হলে কেবল অতিরিক্ত প্রতীক দ্বারা ব্যালট পেপার মুদ্রণ করা হবে। অতএব, অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে। এ বিষয়ে ইতঃপূর্বে অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে জারীকৃত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। **প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রেরণ:** মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকসহ এবং নির্বাচনের জন্য নির্ধারিত ফরমে ব্যালট পেপার ছাপানো হবে। সুতরাং প্রার্থীদের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে প্রতীক বরাদ্দ করার পর বরাদ্দকৃত প্রতীকসহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম প্রস্তুতের সময় আপনি ফরম 'চ'-তে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম (যেক্ষেত্রে একটি পদে একাধিক প্রার্থীর নাম একই হয়, সেক্ষেত্রে প্রার্থীর পিতার/স্বামীর নাম) এবং প্রত্যেক প্রার্থীর বরাদ্দকৃত প্রতীকের নাম সুনিদিষ্টভাবে উল্লেখপূর্বক নির্ধারিত 'চ' ফরমে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নামের তালিকা প্রস্তুত করবেন। এক্ষেত্রে প্রার্থীদেরকে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা (বরাদ্দকৃত প্রতীকসহ) সরবরাহ করবেন এবং তাদের স্বাক্ষর নিবেন। প্রতীক বরাদ্দের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুতের সাথে সাথেই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। **এক্ষেত্রে উল্লেখ্য যে, 'চ' ফরমের উপরে ডানদিকের কোনায় প্রত্যেক পদের বিপরীতে ভোটার সংখ্যা উল্লেখ করে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।**

১৩। যেহেতু, মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকসহ ব্যালট পেপার মুদ্রণ করতে হবে সেহেতু, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা প্রস্তুত ও প্রকাশের সাথে সাথেই তা সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্ট্রানেটে সহকারী সচিব (ক্রয় ও মুদ্রণ) এর একাউন্টে (sas_proc) এবং উপ সচিব (নিঃপঃ-১) এর একাউন্টে (ds_eo1)প্রেরণ করে অবশ্যই টেলিফোনে নিশ্চিত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অবশ্যই **১১ জুলাই, ২০১৮** তারিখের মধ্যে বিশেষ দূত মারফত প্রেরণ করতে হবে।

১৩। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

৯/৭/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক : ১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার, রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
ও
রিটার্নিং অফিসার, সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
ও
রিটার্নিং অফিসার, বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৮-৪৬২

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৫
০৯ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, রাজশাহী/সিলেট/বরিশাল বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী/সিলেট/বরিশাল রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, রাজশাহী/সিলেট/বরিশাল মেট্রোপলিটন পুলিশ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৬. জেলা প্রশাসক, রাজশাহী/সিলেট/বরিশাল
১৭. পুলিশ সুপার, রাজশাহী/সিলেট/বরিশাল
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, .........................(সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, .....................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী/সিলেট/বরিশাল
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,.........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা.........................(সংশ্লিষ্ট) থানা।

০৭.০৭.১৮

(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
০১৮১৭৬৭৫১৭৩ (মোবাইল)
E-mail: forhadhossain_ecs@yahoo.com